



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৩৭.২০১৯-১৩৩১/৭

তারিখঃ

২৪/০৫/১৪২৭ বঙ্গাব্দ  
০৮/০৯/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ অধ্যক্ষের দায়িত্ব পালন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেঙ্কিতে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলাধীন রাজবাড়ী কলেজের অধ্যক্ষ জনাব মোহাঃ মিজানুর রহমান-কে ০২/১১/২০১৯ তারিখে বহিষ্কার করেন। পরিচালনা পরিষদ জনাব মোঃ সাদিকুল ইসলাম-কে অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন। বর্ণিত প্রতিষ্ঠানের পৌরনীতি ও সুশাসন বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ আশরাফুল ইসলাম অভিযোগ করেন যে, জ্যেষ্ঠ শিক্ষক হওয়া সত্ত্বেও তাকে বাদ দিয়ে জুনিয়র শিক্ষককে দায়িত্ব প্রদান করেছেন। তিনি কলেজের সবচেয়ে জ্যেষ্ঠ শিক্ষক হিসেবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পাওয়ার দাবিদার।

অধ্যক্ষ/উপাধ্যক্ষের অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালনের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় দু'টি পরিপত্র জারি করে। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, তারিখ: ০৬/০৬/২০১১খ্রি. তারিখের পরিপত্র মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো ২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন। বর্ণিত বিষয়ে মাউশি অধিদপ্তর কর্তৃক স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১, তারিখ: ১৩/০৫/২০১৯খ্রি. মোতাবেক বিজ্ঞপ্তি জারি করা হয়।

এমতাবস্থায়, জনবল কাঠামো ২০১৮এর ১৩ ধারা অনুযায়ী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জ্যেষ্ঠ শিক্ষককে দায়িত্ব হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(ক), (খ) ও (চ) অনুচ্ছেদ অনুযায়ী সরকারের নির্দেশনা প্রতিপালন না করার দায়ে আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে।

আবদুল ০৪.০৭.২০২০

(মোঃ আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

সভাপতি

রাজবাড়ী কলেজ

নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
২. জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
৩. অধ্যক্ষ, রাজবাড়ী কলেজ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
৪. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ (জ্যেষ্ঠতা নিশ্চিত করে বেতন ভাতা প্রদানের অনুরোধসহ)।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
৬. জনাব মোঃ আশরাফুল ইসলাম, সহকারী অধ্যাপক (পৌরনীতি ও সুশাসন), রাজবাড়ী কলেজ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
৭. সংরক্ষণ নথি।